গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৫.৯৯.১০.১৯-২২৪ তারিখঃ ২৪ চৈত্র ১৪২৮ / ০৭ এপ্রিল ২০২২

বিষয় : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নাগরিক সেবাসনদ বা সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) হালনাগাদকরণ ও সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নাগরিক সেবাসনদ বা সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) হালনাগাদকরণ ও সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ সংক্রান্ত গঠিত কমিটি ও অংশীজনদের অংশগ্রহণে সভার কার্যবিবরনী ও সেবা পরিবীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন (জানুয়ারি–মার্চ, ২০২২) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৭/০৪/২০২২
মোছাঃ সুলতানা পারভীন
উপসচিব
☎ ৫৫০০৭০৭৭

সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃ:আ: উপসচিব, সুশাসন অধিশাখা)।

নং-৫২.০০.০০০০.০০৫.৯৯.১০.১৯-২২৪/(৬) তারিখঃ ২৪ চৈত্র ১৪২৮ / ০৭ এপ্রিল ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা/প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩। উপসাচিব (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব (তথ্য ব্যবস্থাপনা-১), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৫। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অফিস কপি।

০৭/০৪/২০২২
মোছাঃ সুলতানা পারভীন
উপসচিব

১২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৫.৯৯.১০.১৯-২২৩

তারিখঃ ২৪ চৈত্র ১৪২৮
০৭ এপ্রিল ২০২২

বিষয় : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নাগরিক সেবাসনদ বা সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) হালনাগাদকরণ ও সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ কমিটি এবং অংশীজনদের অংশগ্রহণে সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শেখ মোঃ কাবেদুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভার তারিখ ও সময় | : | ৩১ মার্চ, ২০২২ বৃহস্পতিবার, সকাল ১১.০০ মি. |
| সভার স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভাকক্ষ (ব্লক-বি) |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভার সদস্য-সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার আহ্বান জানান। তাঁর অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব মোছাঃ সুলতানা পারভীন সভাকে অবহিত করেন যে, 'সবার আগে নাগরিক' এ মূলমন্ত্রকে কেন্দ্র করে জিআইইউ'র কার্যক্রম আবর্তিত। সাংগঠনিক কর্মপরিধির অংশ হিসেবেই জিআইইউ সূচনালগ্ন থেকে নাগরিক সেবা প্রক্রিয়া সহজিকরণ তথা সেবার মানোন্নয়নে ভুমিকা রাখতে সচেষ্ট রয়েছে। এক্ষনে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ দেশ ও মানুষের কল্যাণে সঠিক পরিকল্পনা গ্রহণে সহায়ক ভূমিকা হিসেবে সময়োপযোগী সঠিক পরিসংখ্যান সরবরাহ করতে কাজ করছে। এ লক্ষ্যে বাস্তবায়নে সংস্কারমূলক কার্যক্রম হিসেবে স্ব-মূল্যায়িত APA প্রস্তুত করেছে। যেখানে নিজস্ব Capacity ও Committment অনুযায়ী কাজ করার অঙ্গীকার ব্যক্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করা হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার অঙ্গীকার হিসেবে নাগরিক সনদ বা সেবাপ্রদান প্রতিশ্রুতি সঠিকভাবে তথ্য সম্বলিত করার বিষয়ে সকলকে অনুরোধ করেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নাগরিক সেবাসনদ বা সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) নিয়মিত হালনাগাদ করা হচ্ছে বলেও তিনি সভাকে অবহিত করেন। অতঃপর গত ৩১ মার্চ, ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী জানুয়ারি-মার্চ, ২০২২ সময়ে কমিটির সদস্যগণ কর্তৃক সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়। পরিবীক্ষণকৃত ১০টি সেবা নিম্নরূপ:

(১) স্ব-প্রণোদিত তথ্যপ্রদান নিশ্চিতকরণ (২) পদসৃজন (৩) প্রণয়নকৃত ও প্রক্রিয়াকরণকৃত সকল অফিসিয়াল পরিসংখ্যান প্রকাশনা ও অনুমোদনের ব্যবস্থা গ্রহণ (৪) পদসংরক্ষণ (৫) অস্থায়ী পদ স্থায়ীকরণ (৬) ব্যয় মঞ্জুরি অনুমোদন (৭) বার্ষিক ক্রয়প্রস্তাব (৮) চাকরি স্থায়ীকরণ (৯) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং আওতাধীন দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের গৃহনির্মাণ ঋণপ্রদান (১০) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মোটরযান ক্রয়ে অগ্রিম প্রদান।

২। উক্ত সেবাসমূহ যথাযথভাবে সেবাগ্রহীতাদের সন্তুষ্টির ভিত্তিতে প্রদান করা হচ্ছে মর্মে সদস্যসচিব সকলকে অবহিত করেন। এ পর্যায়ে উপস্থিত অংশীজনদের মতামত আহ্বান করলে মিজ্ জেসমীন আকতার, উপসচিব বলেন, সিটিজেনস্ চার্টার (Citizen's Charter)- আপডেট করা হয়েছে সত্য তবে তা এ বিভাগের Rules of Business এর সাথে সামঞ্জস্য পূর্ণভাবে আপডেট করা হয়েছে কিনা যাচাই করা প্রয়োজন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সিটিজেনস্ চার্টার (Citizen's Charter) পৃথক পৃথক হওয়া আবশ্যক বলে সিনিয়র সহকারী সচিব জনাব কালাচাঁদ জানান। এ বিষয়ে সদস্য-সচিব বলেন ইতোমধ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পৃথক পৃথক সিটিজেনস্ চার্টার (Citizen's Charter) রয়েছে এবং তা হালনাগাদ করা হয়েছে। উপসচিব জনাব মোহাম্মদ খালেদ-উর-রহমান জানান যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল শাখা/অধিশাখা থেকে সেবার তালিকা সংক্রান্ত তথ্য নিয়ে সিটিজেনস্ চার্টার (Citizen's Charter) আপডেট করলে বেশি জনবান্ধব হবে।

সিনিয়র সহকারী সচিব খন্দকার মোঃ মাহাবুবুর রহমান বলেন যে, বাছাইকৃত ১০ (দশ) টি সেবা সম্পর্কে সেবাপ্রদানকারী সংশ্লি শাখা ও সেবাগ্রহীতাদের মতামত নেয়া প্রয়োজন।

সভাপতি বলেন যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অংশীজন এক্ষেত্রে তারা যে সেবার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে অনুরোধ করবে তা কত সময়ের মধ্যে প্রদান বা নিষ্পত্তি হবে তাও সিটিজেনস্ চার্টার (Citizen’s Charter)-এ অর্ন্তভুক্ত হওয়া প্রয়োজন।

৩। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নাগরিক সেবাসনদ বা সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen’s Charter) হালনাগাদকরণ ও সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সুপারিশ প্রদান করা হয়:

(ক) হালনাগাদকৃত নাগরিক সেবাসনদ বা সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen’s Charter) ওয়েবসাইটে আপলোড করতে হবে;

(খ) জানুয়ারি-মার্চ, ২০২২ ত্রৈমাসিক প্রতিবেদন চূড়ান্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

(গ) বাছাইকৃত ১০ (দশ) টি সেবা সম্পর্কে সেবা প্রদানকারী সংশ্লিষ্ট শাখা ও সেবাগ্রহীতাদের মতামত নিতে হবে।

(ঘ) সকল শাখা ও অধিশাখা থেকে সেবার তালিকা সংক্রান্ত তথ্য নিয়ে বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি আপডেট করতে হবে।

(ঙ) সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen’s Charter) Rules of Business এর আলোকে সঠিক আছে কিনা তা যাচাই করতে হবে।

৪। অত:পর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
৭/৪/২০২২
(শেখ মোঃ কাবেদুল ইসলাম)
অতিরিক্ত সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
ও
আহ্বায়ক
সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen’s Charter)
হালনাগাদকরণ ও সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ কমিটি

নং-৫২.০০.০০০০.০০৫.৯৯.১০.১৯-২২৩/(৭)

তারিখঃ ২৪ চৈত্র ১৪২৮
০৭ এপ্রিল ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা/প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩। উপসচিব (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব (তথ্য ব্যবস্থাপনা-১), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৫। জনাব.........................................................................।
৬। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি।

07/04/2022

মোছাঃ সুলতানা পারভীন
উপসচিব
☎ ৫৫০০৭০৭৭

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা গ্রহিতাদের মতামত পরিবীক্ষণ (জানুয়ারি-মার্চ, ২০২২):

| ক্র: নং | পরিবীক্ষণকৃত সেবার নাম | সেবা গ্রহিতাদের মতামত | পরিবীক্ষণকারীদের মতামত | সেবার মান বৃদ্ধিতে পরামর্শ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | স্ব-প্রণোদিত তথ্য প্রদান নিশ্চিতকরণ | আরও অধিক তথ্য দেয়া যেতে পারে | বিভিন্ন উপাত্তগত তথ্য সরবরাহ করা যেতে পারে এছাড়া বিভিন্ন শাখা হতে অনুমোদিত ও প্রকাশযোগ্য তথ্যসমূহ ওয়েবসাইটে প্রকাশের জন্য আইসিটি-১ শাখায় পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্ব-প্রণোদিত তথ্য নিয়মিত হালনাগাদ করা যেতে পারে | |
| ২ | পদ সৃজন | সন্তোষজনক | চাহিদাপত্র পাওয়ার পর যথাযথ আইন ও বিধি অনুসরণ করে পদ সৃজনের কার্যক্রম চলমান আছে। | - | |
| ৩ | প্রণয়নকৃত ও প্রক্রিয়াকরণকৃত সকল অফিসিয়াল পরিসংখ্যান প্রকাশনা ও অনুমোদনের ব্যবস্থা গ্রহণ | সন্তোষজনক | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রণয়নকৃত অফিসিয়াল পরিসংখ্যান প্রকাশনা ও অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা হয়। | - | |
| ৪ | পদ সংরক্ষণ | সন্তোষজনক | বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করে সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়। | - | |
| ৫ | অস্থায়ী পদ স্থায়ীকরণ | সন্তোষজনক | বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণপূর্বক সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়। | - | |
| ৬ | ব্যয় মঞ্জুরি অনুমোদন | সন্তোষজনক | অধীনস্থ দপ্তরের প্রস্তাব পাওয়ার পর যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করার পর সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়। | - | |
| ৭ | বার্ষিক ক্রয় প্রস্তাব | সন্তোষজনক | অর্থবছরের শুরুতেই ক্রয় সংক্রান্ত বিধি-বিধান অনুসরণ করে বার্ষিক ক্রয় প্রস্তাব প্রস্তুত ও প্রকাশ করা হয়। | ক্রয় কার্যক্রমে e-GP এর ব্যবহার বৃদ্ধি করতে হবে। | |
| ৮ | চাকরি স্থায়ীকরণ | সন্তোষজনক | আবেদন পাওয়ার পর যথাযথ বিধি-বিধান অনুসরণ করে চাকরি স্থায়ী করা হয়। | - | |
| ৯ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের গৃহনির্মাণ ঋণ প্রদান | সন্তোষজনক | প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক গৃহনির্মাণ ঋণ মঞ্জুরি আদেশ জারি করা হয়। | - | |
| ১০ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মোটরযান ক্রয় অগ্রিম প্রদান | সন্তোষজনক | প্রচলিত বিধি-বিধান অনুসরণ করে মোটরযান ক্রয় অগ্রিম মঞ্জুরি আদেশ জারি করা হয়। | - | |

০৭/০৮/২০২২

মোছা. সুলতানা পারভীন
উপসচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়